# বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি আইন, ২০১২

( ২০১২ সনের ১৪ নং আইন )

**বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠাকল্পে প্রণীত আইন**

যেহেতু জাতীয় ও আন্তর্জাতিক পরিসরে পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে কার্যকরী ও গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের উদ্দেশ্যে দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠা এবং আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ—

**সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**

১। (১) এই আইন বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি আইন, ২০১২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে—

(১) "একাডেমি" অর্থ এই আইনের অধীন প্রতিষ্ঠিত বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি;

(২) "চেয়ারম্যান " অর্থ বোর্ডের চেয়ারম্যান;

(৩) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(৪) "প্রবিধান" অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(৫) "বোর্ড" অর্থ ধারা ৭ এর অধীন গঠিত বোর্ড;

(৬) "ভাইস-চেয়ারম্যান" অর্থ বোর্ডের ভাইস-চেয়ারম্যান;

(৭) "মহাপরিচালক" অর্থ একাডেমির মহাপরিচালক;

(৮) "সদস্য" অর্থ বোর্ডের সদস্য।

**একাডেমি প্রতিষ্ঠা**

৩। (১) এই আইন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে, এই আইনের লক্ষ্য ও উদ্দেশ্য পূরণকল্পে, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি ( Bangabandhu Academy for Poverty Alleviation and Rural Development BAPARD ) নামে একটি একাডেমি প্রতিষ্ঠিত হইবে।

(২) একাডেমি একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে, যাহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীল মোহর থাকিবে এবং ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার এবং হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং উক্ত নামে ইহা মামলা দায়ের করিতে পারিবে এবং ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

**প্রধান কার্যালয়**

৪। একাডেমির প্রধান কার্যালয় হইবে গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলায় এবং, প্রয়োজনে, সরকার দেশের যে কোন স্থানে ইহার শাখা স্থাপন করিতে পারিবে।

**গবেষণা এলাকা**

৫। একাডেমির গবেষণা এলাকা হইবে সমগ্র বাংলাদেশ।

**সাধারণ পরিচালনা ও প্রশাসন**

৬। একাডেমির সাধারণ পরিচালনা ও প্রশাসন বোর্ডের উপর ন্যস্ত থাকিবে এবং একাডেমি যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে বোর্ড সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে।

**বোর্ড**

৭। (১) নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে বোর্ড গঠিত হইবে, যথাঃ—

(ক) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী/ প্রতিমন্ত্রী/উপ-মন্ত্রী, যিনি পদাধিকারবলে ইহার চেয়ারম্যানও হইবেন;

(খ) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, যিনি পদাধিকারবলে ইহার ভাইস-চেয়ারম্যানও হইবেন;

(গ) সচিব, কৃষি মন্ত্রণালয় বা তৎকর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(ঘ) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বা তৎকর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(ঙ) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বা তৎকর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(চ) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বা তৎকর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(ছ) সচিব, পরিকল্পনা বিভাগ বা তৎকর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-প্রধান পদমর্যাদার একজন কর্মকর্তা;

(জ) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় বা তৎকর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(ঝ) সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় বা তৎকর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(ঞ) সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় বা তৎকর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(ট) সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বা তৎকর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(ঠ) রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র বা তৎকর্তৃক মনোনীত একজন সদস্য পরিচালন পর্ষদ;

(ড) উপাচার্য, বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ বা তৎকর্তৃক মনোনীত যে কোন অনুষদের ডীন বা অধ্যাপক;

(ঢ) নিবন্ধক, সমবায় অধিদপ্তর;

(ণ) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড;

(ত) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল;

(থ) মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট স্টাডিজ;

(দ) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর;

(ধ) পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন কাজে অবদান রহিয়াছে সরকার কর্তৃক মনোনীত এমন দুইজন ব্যক্তি; এবং

(ন) মহাপরিচালক, যিনি পদাধিকারবলে ইহার সদস্য-সচিবও হইবেন।

(২) উপ-ধারা (১) এর দফা (ধ) এর অধীন মনোনীত সদস্য তাহার মনোনয়নের তারিখ হইতে তিন বৎসর মেয়াদে স্বীয় পদে অধিষ্ঠিত থাকিবেন;

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় তাহার সদস্য পদ বাতিল করিতে পারিবে।

(৩) চেয়ারম্যানের উদ্দেশ্যে লিখিত স্বাক্ষরযুক্ত পত্রযোগে মনোনীত কোন সদস্য স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেনঃ

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক গৃহীত না হওয়া পর্যন্ত কোন পদত্যাগ কার্যকর হইবে না।

**বোর্ডের সভা**

৮। —(১) চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত সময় ও স্থানে বোর্ডের সভা অনুষ্ঠিত হইবে।

(২) প্রতি চার মাসে বোর্ডের অন্যূন একটি সভা অনুষ্ঠিত হইবে।

(৩) বোর্ডের সকল সভা চেয়ারম্যান-এর সভাপতিত্বে এবং তাহার অনুপস্থিতিতে ভাইস চেয়ারম্যান-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হইবে।

(৪) বোর্ডের সভার কোরাম গঠনের জন্য উহার মোট সদস্য সংখ্যার অন্যূন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে।

(৫) বোর্ডের সভায় উপস্থাপিত সকল বিষয় উপস্থিত সদস্যগণের প্রদত্ত ভোটের সংখ্যা গরিষ্ঠতার ভিত্তিতে নিষ্পত্তি হইবে।

(৬) বোর্ডের সভায় প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে, সভায় সভাপতিত্বকারী ব্যক্তির একটি দ্বিতীয় বা নির্ণায়ক ভোট থাকিবে।

(৭) কেবল বোর্ডের কোন সদস্যপদে শূন্যতা বা বোর্ড গঠনে অসংগতির কারণে বোর্ডের কোন কার্য বা সিদ্ধান্ত অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

**একাডেমির কার্যাবলী**

৯। একাডেমির কার্যাবলী হইবে নিম্নরূপ, যথাঃ—

(ক) পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে জাতীয় ও আন্তর্জাতিক পরিসরে গবেষণার জন্য Centre of Excellence হিসাবে কাজ করা এবং দারিদ্র্য বিমোচনে সরকারের অন্যতম ফোকাল পয়েন্ট হিসাবে কাজ করা;

(খ) পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে দেশের জাতীয় পর্যায়ে একটি প্রশিক্ষণ ও গবেষণা প্রতিষ্ঠান হিসাবে কার্যক্রম পরিচালনা করা;

(গ) পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে নিয়োজিত বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান, কর্মশালা, সেমিনার, ইত্যাদি পরিচালনা করা;

(ঘ) ক্ষুদ্র ও প্রান্তিক চাষী, বিত্তহীন পুরুষ ও মহিলা, বেকার যুবক ও যুব মহিলাদের দক্ষতা অর্জনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে কৃষি ও অকৃষি খাতের বিভিন্ন উপার্জনমূলক কর্মকান্ডের উপর প্রশিক্ষণ পরিচালনা করা;

(ঙ) পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে কৃষি, শিক্ষা, উপকূলীয় ও জোয়ারভাটা এলাকার আর্থ-সামাজিক বিষয়ে প্রায়োগিক গবেষণা পরিচালনা করা;

(চ) সরকারি ও অন্যান্য সংশ্লিষ্ট সংস্থাকে উহাদের চাহিদার বিপরীতে প্রয়োজনীয় পরামর্শ ও সেবা প্রদান করা;